



জনসংযোগ উপবিভাগ

বাংলা একাডেমি

ঢাকা ১০০০ ফোন : ৫৮৬১১২৪৮ ফ্যাক্স : ৯৬৬১০৮০

ই-মেইল : [banglaacademy.pr@gmail.com](mailto:banglaacademy.pr@gmail.com), [bacademy1955@yahoo.com](mailto:bacademy1955@yahoo.com)

ওয়েব সাইট : [www.banglaacademy.gov.bd](http://www.banglaacademy.gov.bd)

তারিখ : ১৭.০৪.২০২৪

সংবাদ বিজ্ঞপ্তি



### ঐতিহাসিক মুজিবনগর দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে বক্তৃতানুষ্ঠান

বাংলা একাডেমি আজ ৪ঠা বৈশাখ ১৪৩১/১৭ই এপ্রিল ২০২৪ বুধবার বিকেল ৪:০০টায় একাডেমির কবি শামসুর রাহমান সেমিনার কক্ষে ঐতিহাসিক মুজিবনগর দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে বক্তৃতানুষ্ঠানের আয়োজন করে। স্বাগত ভাষণ প্রদান করেন বাংলা একাডেমির সংস্কৃতি, পত্রিকা ও মিলনায়তন বিভাগের পরিচালক (চলতি দায়িত্ব) ড. সরকার আমিন। ১৭ই এপ্রিল ১৯৭১ ও আজকের বাংলাদেশ শীর্ষক বক্তৃতা প্রদান করেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সাবেক চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান। সভাপতিত্ব করেন বাংলা একাডেমির মহাপরিচালক মহাপরিচালক কবি মুহম্মদ নূরুল হুদা।

ড. সরকার আমিন বলেন, বাংলাদেশের মুক্তিযুদ্ধের ইতিহাসে মুজিবনগর সরকার একটি অনন্য ঘটনা। বাংলার জনগণের শাসনতান্ত্রিক অধিকার নিশ্চিতকরণে এবং স্বাধীনতা অর্জনকে তরান্বিত করতে মুজিবনগর সরকারের ভূমিকা অবিস্মরণীয়।

অধ্যাপক আবদুল মান্নান বলেন, ১৭ই এপ্রিল বাংলাদেশের জন্য একটি ঐতিহাসিক দিন। মুক্তিযুদ্ধের তৃতীয় সপ্তাহে এদিন স্বাধীন বাংলাদেশের প্রথম বৈধ সরকার কুষ্টিয়া জেলার মেহেরপুর মহকুমার বৈদ্যনাথতলার এক আশ্রুকুঞ্জে দেশ-বিদেশের অনেক সাংবাদিক ও স্থানীয় জনগণের সামনে শপথ গ্রহণ করেন। শপথগ্রহণের এই অনুষ্ঠানের মাধ্যমে প্রতিষ্ঠিত হয় বাংলাদেশের প্রথম বৈধ সরকার। তিনি বলেন, মুজিবনগর সরকারের বৈধতা নিয়ে প্রশ্ন তোলার কোনো সুযোগ নেই, কারণ যাঁরা সরকারের সদস্য ছিলেন তাঁরা সবাই ছিলেন নির্বাচিত জনপ্রতিনিধি। তখন থেকে এই স্থানটির নামকরণ করা হয় মুজিবনগর।

কবি মুহম্মদ নূরুল হুদা বলেন, ১৯৭১-এর ১৭ই এপ্রিল মেহেরপুরে গঠিত মুজিবনগর সরকারের মাধ্যমেই বঙ্গবন্ধু মহান মুক্তিযুদ্ধ সুসংগঠিত করেছিলেন। এই সরকারের ইতিহাস পর্যালোচনা করলে আমরা দেখবো বৈরী পরিস্থিতিতে কী অসাধারণ প্রশাসনিক নৈপুণ্যে মুজিবনগর সরকার তার কার্যাবলি পরিচালনা করেছে এবং আমাদের জন্য উপহার দিয়েছে স্বাধীন-গণতান্ত্রিক বাংলাদেশ।

অনুষ্ঠান সম্বলনা করেন বাংলা একাডেমির পরিচালক (চলতি দায়িত্ব) ড. শাহাদাৎ হোসেন নিপু।

সমীর কুমার সরকার

পরিচালক

জনসংযোগ, তথ্যপ্রযুক্তি ও প্রশিক্ষণ বিভাগ